

**ঝড়ে মাদ্রাসার চাল  
ক্ষতিগ্রস্ত**

**উন্মুক্তস্থানে পাঠদান**

■ মতলব দক্ষিণ (চাঁদপুর) সংবাদদাতা  
গুরুবার রাতে ঘূর্ণিঝড়ে মতলব দক্ষিণ  
উপজেলার খর্ণপূর ফাজিল মাদ্রাসার  
টিনের চাল ভেঙ্গে গেছে। এতে  
উন্মুক্তস্থানে পাঠ দান করা হচ্ছে।  
জানা গেছে, খর্ণপূর ফাজিল  
মাদ্রাসার আধাপাকা ভবনের টিনের  
চালটি ভেঙ্গে গেছে। বর্তমানে  
শিক্ষার্থীরা মাদ্রাসা ভবনের সামনে  
খোলা জায়গায় ক্লাস করছে। কিন্তু বৃষ্টি  
আসলে ছাদের লেখাপড়া বহু করে  
নিরাপদ স্থানে সরে যেতে হয়। এতে  
তাদের লেখাপড়া দারুণভাবে বিঘ্নিত  
হচ্ছে।

মাদ্রাসার গভর্নিং বডির সহ-  
সভাপতি আব্দুস ছালিম মুখা বলেন,  
ঝড়ে মাদ্রাসায় ব্যাপক ক্ষতি হয়েছে।  
এমনিভেই মাদ্রাসার আধাপাকা  
ভবনটি জরাজীর্ণ ছিল। ঝড়ে ক্ষতিগ্রস্ত  
হওয়ার পর খোলা জায়গায় ক্লাস  
চলছে।

মাদ্রাসার অধ্যক্ষ মো. হারুন  
আর রশিদ জানান, ঝড়ে অনেক  
ক্ষয়ক্ষতি হয়েছে। এখন ভবনের  
অভাবে পাঠদানে সমস্যা হচ্ছে।  
তাছাড়া বিদ্যুৎ না থাকায় শিক্ষার্থীদের  
আইসিটি ব্যবহারিক ক্লাসসহ অফিসের  
কার্যক্রমে ব্যাহত হচ্ছে।